স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং
তারিখ ৬/৭/২৩
স্বাক্ষর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)
www.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১৫.৩৩.০১৪.২৩-৫৬১ তারিখ ঃ ০৫.০৭.২০২৩ খ্রি.।

**বিষয় ঃ পরিদর্শন ও দর্শনের প্রমাপ বিবরণী প্রেরণ।**

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং-১ শাখা, ঢাকা এর ২৪.০৯.২০১৭ খ্রি. তারিখের৪৬.০৯৯.০১৪.০১.০১.০০৩.২০১৬-১৭৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারীর পরিদর্শন ও দর্শনের প্রমাপ সংক্রান্ত জুন, ২০২৩ মাসের বিবরণী নিম্নোক্ত ছক মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**ছক**

| ক্রঃনং | কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনকৃত | | দর্শনকৃত | | প্রমাপ | | পরিদর্শন মোট | দর্শন মোট | প্রমাপ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠান | প্রকল্প | প্রতিষ্ঠান | প্রকল্প | পরিদর্শন | দর্শন | | | অর্জিত হয়েছে | অর্জিত হয়নি |
| ০১ | **মোঃ সফিকুল ইসলাম** উপপরিচালক স্থানীয় সরকার ময়মনসিংহ | ০৭টি | ০৪টি | ০৭ | ০৬ | ১১ (উন্নয়ন প্রকল্পসহ) | ১৩ (উন্নয়ন প্রকল্পসহ) | ১১টি | ১৩টি | হ্যাঁ | -- |

উল্লিখিত দপ্তর ও উন্নয়ন প্রকল্প দর্শন ও পরিদর্শন ছাড়াও পৌরসভা ও ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত ও বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্প সরজমিনে পরিদর্শন ও দর্শন অব্যাহত রয়েছে।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

স্থাসবিঃ মনিটরিং-৩ শাখা
ডায়রী নং-
তারিখ-

05.07.2023
(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
ফোন- ০২৯৯৬৬-৬৪৩৫১
e-mail : ddlgmymen@gmail.com

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ
নম্বর

**অনুলিপি ঃ** সদয় অবগতির জন্য।

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

(মনিটরিং- (১/২/৩)
(মূল্যায়ন- (১/২/৩/
নম্বর-
তারিখ-
যুগ্মসচিব

স্থানীয় সরকার বিভাগ
মহাপরিচালকের দপ্তর
১) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-১)
২) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-২)
৩) যুগ্মসচিব (মও মূ)
৪) পরিচালক-১
৫) পরিচালক-২
১) পরিকল্পনা-১/২/৩
২) মনিটরিং-১/২/৩
৩) মূল্যায়ণ-১/২/৩
৪) পরিদর্শন
ডাইরী নং
তারিখঃ
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)

## ময়মনসিংহ জেলাধীন মুক্তাগাছা পৌরসভা অফিস পরিদর্শন প্রতিবেদন।

| | | |
|---|---|---|
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | মোঃ সফিকুল ইসলাম<br>উপপরিচালক<br>স্থানীয় সরকার, ময়মনসিংহ |
| পরিদর্শনের তারিখ | ঃ | ১৯ জুন, ২০২৩ |
| পরিদর্শনের সময় | ঃ | বেলা-১১:০০ ঘটিকা |

১৯/০৬/২০২৩ খ্রিঃ তারিখ ময়মনসিংহ জেলাধীন মুক্তাগাছা পৌরসভা অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে মেয়র, মুক্তাগাছা পৌরসভা, সহকারী কমিশনার(ভূমি), মুক্তাগাছা এবং পৌরসভার প্যানেল মেয়রবৃন্দ, কাউন্সিলরগণ, পৌর নির্বাহী কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, হিসাব রক্ষণ কর্মকর্তাসহ অফিসের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

০২। **অফিসের অবস্থান ঃ**

মুক্তাগাছা পৌরসভা অফিসটি ময়মনসিংহ-টাঙ্গাইল সড়ক (গুগল ম্যাপ অনুযায়ি সড়ক নং- N401) এর উত্তর পার্শ্বে পৌর এলাকার ৪নং ওয়ার্ডের পাড়াটঙ্গী মৌজায় একটি তিনতলা ভবনে অবস্থিত। ১১.৯৯ বর্গ কিলোমিটার আয়তন বিশিষ্ট এ পৌরসভাটি বিগত ১৮৭৮ সনে স্থাপিত হয়।

০৩। **এক নজরে মুক্তাগাছা পৌরসভা ঃ**

| | | |
|---|---|---|
| আয়তন | : | ১১.৯৯ বর্গ কি.মি.। |
| লোক সংখ্যা | : | ৬১,৪৩০ জন (২০২২ সনের জন শুমারী অনুযায়ী) |
| পৌরসভার শ্রেণী | : | 'ক' শ্রেণী। |
| স্থাপনকাল | : | ০১ জুলাই ১৮৭৮ খ্রিঃ। |
| হোল্ডিং সংখ্যা | : | ১০২০১ টি। |
| ভোটার সংখ্যা | : | ৩৬,৫৭৩ জন। |
| মোট খানার সংখ্যা | : | ১১,১৮৯টি। |
| স্বাক্ষরতার হার | : | ৬০.২%। |
| সরকারী কলেজ | : | ০১ টি। |
| বেসরকারী কলেজ | : | ০৩ টি। |
| সরকারি মাধ্যমিক ও উচ্চ বিদ্যালয় | : | ০১ টি। |
| বেসরকারী মাধ্যমিক ও উচ্চ বিদ্যালয় | : | ০৩ টি। |
| মাদ্রাসা | : | ০২ টি। |
| মসজিদ | : | ৮২ টি। |
| মন্দির | : | ২২ টি। |

**পৌরসভাধীন অবকাঠামোর বর্ণনা**

ক) রাস্তা ঃ

| | | |
|---|---|---|
| আর.সি.সি/সিসি রাস্তা | : | ১১.৫২৪ কিলোমিটার। |
| বিটুমিনাস কার্পেটিং | : | ৩৫.১৯৫ কিলোমিটার। |
| কাঁচা | : | ৩৬.১১৬ কিলোমিটার। |
| **মোট রাস্তা** | : | **৮২.৮৩৫ কিলোমিটার।** |

খ) ড্রেনেজ ব্যবস্থা ঃ

| | | |
|---|---|---|
| পাকা ড্রেন | : | ২৫.৬৫০ কিলোমিটার। |
| কাঁচা ড্রেন | : | ৩৪.০০০ কিলোমিটার। |
| **মোট ড্রেন** | : | **৫৯.৬৫০ কিলোমিটার।** |

(চলমান পাতা ৪/১)

০৪। **সিটিজেন চার্টার ঃ** মুক্তাগাছা পৌরসভার মেইন গেইট সংলগ্ন ও অফিসের বারান্দায় দেওয়ালে বোর্ডে লিপিবদ্ধ ও স্থাপিত পৌরসভার সিটিজেন চার্টারটি দেখলাম। যাহা অত্যন্ত চমৎকার।

মন্তব্য ঃ মুক্তাগাছা পৌরসভার দাপ্তরিক কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে উন্নত মানের সিটিজেন চার্টার স্থাপনের জন্য পৌরসভা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হলো। সেই সাথে সিটিজেন চার্টারটি অনলাইনে প্রকাশ করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে পরামর্শ দেয়া হলো।

০৫। **গার্ডফাইল ঃ** পরিদর্শনকালে বিভিন্ন ধরণের সার্কুলার/সরকারী পরিপত্র সম্বলিত একটি নতুন রিং গার্ডফাইল উপস্থাপন করা হলো। পরীক্ষান্তে দেখা যায় যে, গার্ডফাইলটিতে সূচিপত্রসহ আলাদা রেজিস্টার, সরকারী সার্কুলার/পরিপত্র গুলো পৃষ্ঠা নম্বর দেয়া আছে।

মন্তব্য ঃ গার্ড ফাইলের ধারাবাহিকতা সঠিক আছে। গার্ড ফাইলটির আরোও স্বচ্ছতা ও নিরাপত্তার স্বার্থে সূচিপত্রের জন্য প্রস্তুতকৃত রেজিষ্টারটির কার্যক্রম অব্যাহত রাখার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

০৬। **মাসিক সভা ঃ** মাসিক সাধারণ সভার নোটিশ ও সভার কার্যবিবরণী রেজিষ্টার দেখলাম। ০৭ দিন পূর্বে সকল কাউন্সিলরকে নোটিশ দিয়ে জানানোর পর সভা অনুষ্ঠিত হয়। সভায় গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের বরাবর যথাসময়ে প্রেরণ করা হয় এবং নির্দিষ্ট ফাইলে সভার কার্যবিবরণী সংরক্ষণ করা হচ্ছে মর্মে পৌর নির্বাহী কর্মকর্তা জানান।

মন্তব্য ঃ মাসিক সাধারণ সভা আহ্বানের পদ্ধতি ও সংরক্ষণ সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য পৌর কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

০৭। **জনবল কাঠামো ঃ**

এ অফিসে অনুমোদিত পদের বিপরীতে কর্মরত কর্মচারী নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | বিভাগ | মঞ্জুরিকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| | প্রশাসন বিভাগ | ৪৯ টি | ২০ টি | ২৯ টি |
| | প্রকৌশল বিভাগ | ৬০ টি | ১৬ টি | ৪৪ টি |
| | স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগ | ২৮ টি | ০৫ টি | ২৩ টি |
| | মোট - | ১৩৭ টি | ৪১ টি | ৯৬ টি |

মন্তব্য ঃ পৌরসভার সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবলের সংখ্যা কম রয়েছে। তবে পৌরসভার কার্যক্রম জোরদারকরণ ও রাজস্ব আয়ের সাথে সংগতি রেখে আরো জনবল বৃদ্ধি করা যায় কিনা, সে দিক বিবেচনা করে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মুক্তাগাছা পৌরসভাকে অনুরোধ করা হলো।

০৮ । **কর্মচারীদের হাজিরা খাতা ঃ**

এ অফিসে ব্যবহৃত কর্মচারীদের হাজিরা খাতা দেখলাম। নির্ধারিত ফরমে ব্যবহৃত হাজিরা খাতাটিতে পৃষ্ঠা নম্বরসহ প্রত্যয়ন করা আছে। অদ্য ১৯/০৬/২০২৩ খ্রি: তারিখ অফিসে উপস্থিত সকল কর্মচারীগণ হাজিরা খাতায় স্বাক্ষর করেছেন। হাজিরা খাতায় আগমন ও প্রস্থানের সময় উল্লেখ করা হয়নি। তবে হাজিরা খাতায় কর্মচারীদের ছুটির হিসাব লিপিবদ্ধ আছে।

মন্তব্য ঃ কর্মচারীগণ হাজিরা খাতায় স্বাক্ষর করে অফিসে উপস্থিত থাকেন কিনা এ বিষয়ে দৃষ্টি রাখা, ছুটির হিসাব লিপিবদ্ধ হচ্ছে কিনা এবং আগমন ও প্রস্থানের সময় উল্লেখসহ মুভমেন্ট রেজিষ্টার অনুসরণের জন্য পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী মুক্তাগাছা পৌরসভাকে পরামর্শ দেয়া হলো। তাছাড়া কর্মচারীদের হাজিরা খাতা নিয়মিত পরীক্ষা করে প্রতিস্বাক্ষর করার জন্য মেয়রকে অনুরোধ করা হলো।

০৯। **নৈমিত্তিক ছুটি সংক্রান্ত রেজিষ্টার ঃ**

মুক্তাগাছা পৌরসভা অফিসে কর্মচারীদের নৈমিত্তিক ছুটি রেজিষ্টারটি দেখলাম। খাতাটিতে পৃষ্ঠা নম্বরসহ প্রত্যয়ন করা আছে। ছুটির রেজিষ্টারে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর নামে আলাদা পাতা ব্যবহৃত হয় এবং ছুটি মঞ্জুরকৃত আবেদন সঠিকভাবে এন্ট্রি করা হচ্ছে। উল্লেখ্য যে, হাজিরা খাতায় নৈমিত্তিক ছুটির হিসাব সংরক্ষণ করা হচ্ছে।

মন্তব্য ঃ হাজিরা রেজিষ্টারে প্রত্যেক কর্মচারীদের নামে ছুটির হিসাব লিপিবদ্ধ পদ্ধতি অব্যাহত রাখার জন্য পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী মুক্তাগাছা পৌরসভাকে পরামর্শ দেয়া হলো।

(চলমান পাতা ৪/২)

১০। **সাধারণ ক্যাশ বই ঃ**

মুক্তাগাছা পৌরসভার সাধারণ ক্যাশ বহি পরীক্ষা করা হলো। পৃষ্ঠা নম্বরসহ প্রত্যয়ন করা আছে। ৩০/০৪/২০২৩ তারিখ পর্যন্ত ক্যাশ বই লিখা রয়েছে। ক্যাশ বহির স্থিতির পরিমাণ রাজস্ব ২০,০৭,৯৫৮.৯১ এবং পানি শাখা ৮০,৫৮৫.৮১ টাকা সহ মোট ২০,৮৮,৫৪৪.৭২ টাকা। উক্ত টাকা রূপালী ব্যাংক লিঃ, সোনালী ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, সাউথ ইষ্ট ব্যাংক লিঃ, মুক্তাগাছা শাখায় বিভিন্ন হিসাব নম্বরে জমার বিপরীতে ব্যাংক বিবরণী সঠিক পাওয়া যায়। ব্যাংক হিসাবে জমাকৃত আদায়ের মধ্যে রয়েছে, ক) পৌরকর, খ) স্থাবর সম্পত্তি হস্তান্তর হতে প্রাপ্ত আয়, গ) গৃহ নির্মাণ হতে আয়, ঘ) পৌর মার্কেটের সালামী ও ঘর ভাড়া, ঙ) ট্রেড লাইসেন্স, চ) হাট-বাজার ইজারা ছ) বিবিধ আদায় ইত্যাদি খাতের আদায়কৃত অর্থ।

মন্তব্য ঃ সাধারণ ক্যাশ বহি নিয়মিত হাল-নাগাদকরণের জন্য সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো।

১১। **এসেসম্যান্ট রেজিষ্টার ঃ**

মুক্তাগাছা পৌরসভার এসেসম্যান্ট রেজিষ্টার দেখলাম। পৃষ্ঠা নম্বরসহ প্রত্যয়ন করা আছে। পরীক্ষান্তে দেখা যায় যে, এ পৌরসভার হোল্ডিং সংখ্যা ১০,২০১ টি। ২০১৮-২০১৯ অর্থবছরে এসেসম্যান্ট করা হয়েছে। এসেসম্যান্ট অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের বকেয়াসহ মোট দাবীর পরিমাণ ১,৩২,০০,১৭১/- টাকা। এসেসম্যান্ট রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, মডেল ট্যাক্স সিডিউল অনুসরণে ২০২৩-২০২৪ অর্থবছর হতে কার্যকর সাধারণ এসেসমেন্ট কার্যক্রম চলমান আছে।

মন্তব্য ঃ পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির বৃহত্তর স্বার্থে এসেসম্যান্ট নিয়মিত করার জন্য পৌরসভার মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

১২। **ট্যাক্স আদায় রেজিষ্টার ঃ**

মুক্তাগাছা পৌরসভার ট্যাক্স আদায় রেজিষ্টারটি দেখলাম। নির্ধারিত ছাপানো ফরমে ব্যবহৃত রেজিষ্টারটি পৃষ্ঠা নম্বরসহ প্রত্যয়ন করা আছে। পৌর নির্বাহী কর্মকর্তা, মুক্তাগাছা পৌরসভার সহিত আলোচনায় তিনি অবহিত করেন যে, হোল্ডিং মালিকগণের বিপরীতে নোটিশ প্রদান করায় পূর্বের তুলনায় আদায়ের গতি বৃদ্ধি পেয়েছে। তাছাড়া বকেয়া ট্যাক্স আদায়ের জন্য বড় বড় কর খেলাপীদেরকে নোটিশ দেয়া হচ্ছে এবং প্রতিনিয়ত তাগিদ অব্যাহত আছে। হোল্ডিং ট্যাক্স পরিশোধ ছাড়া জন্ম-মৃত্যু সনদ, পরিচয় পত্র, ট্রেড লাইসেন্স, ওয়ারিশান সনদ ইস্যুর ক্ষেত্রে বাধা নিষেধ রয়েছে। পর্যালোচনায় আরোও দেখা যায় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ৩১ মে, ২০২৩ তারিখ পর্যন্ত সর্বমোট ১,০৫,৫৮,০৪২/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৭৮.৯৮%।

মন্তব্য ঃ স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে কম্পিউটারাইজড বিল প্রদান কার্যক্রম চালু রাখা ও সকল প্রকার রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনে টীম গঠন করে শতভাগ রাজস্ব আদায়ের জন্য মেয়র, কাউন্সিলর ও পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

১৩। **ট্রেড লাইসেন্স রেজিষ্টার ঃ**

মুক্তাগাছা পৌরসভার ট্রেড লাইসেন্স সংক্রান্ত রেজিষ্টারটি দেখলাম। সাদা কাগজে ব্যবহৃত রেজিষ্টারটি পৃষ্ঠা নম্বরসহ প্রত্যয়ন করা আছে। পরীক্ষান্তে দেখা যায় যে, এ অফিস হতে ২০২২-২০২৩ অর্থ বছরে ১১৮৩ টি ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়েছে। লাইসেন্স ফি বাবদ ১৩,১৪,২৫৫/- টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত টাকা সংশ্লিষ্ট হিসাবে জমা আছে এবং রেজিষ্টারে লিপিবদ্ধ আছে।

মন্তব্য ঃ পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে টীম গঠন করে কার্যক্রম পরিচালনার জন্য মেয়র, কাউন্সিলর ও পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

১৪। **হাট-বাজার সংক্রান্ত নথি ঃ**

মুক্তাগাছা পৌরসভায় ০৩টি হাট-বাজার বিদ্যমান। নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ১৪৩০ বাংলা সনে ৫৯,১৮,০০০/- টাকা ইজারা প্রদান করা হয়েছে। হাট-বাজার ইজারা সংক্রান্ত তথ্য নথিতে লিপিবদ্ধ করা হয় এবং ইজারালব্ধ অর্থের জমা সংক্রান্ত তথ্য রেজিষ্টারে এন্টি করা হয়েছে এবং সরকারি পাওনাদি ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট সহকারী জানান।

মন্তব্য ঃ হাট-বাজার ইজারা সংক্রান্ত রেজিষ্টারটি সঠিকভাবে লিপিবদ্ধ করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তা, মুক্তাগাছা পৌরসভাকে পরামর্শ প্রদান করা হলো।

(চলমান পাতা...../৪)

১৫। **বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) ঃ**

বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল সংক্রান্ত নথিটি দেখলাম। নথি দৃষ্টে দেখা যায়, ২০২২-২০২৩ অর্থ বছরে মুক্তাগাছা পৌরসভার অনুকূলে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ- ৬৩,৪৬,৬০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা ৫টি প্যাকেজের উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এরমধ্যে ২টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ২টি প্যাকেজের কাজ ৭০%, ১টি প্যাকেজের কাজ প্রায় ৫% সম্পন্ন হয়েছে মর্মে সহকারী প্রকৌশলী, মুক্তাগাছা পৌরসভা অবহিত করেন।

মন্তব্য ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ দ্বারা বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

১৬। **জন্ম নিবন্ধন সংক্রান্ত ঃ**

মুক্তাগাছা পৌরসভার জন্ম নিবন্ধন সংক্রান্ত ক্যাশবহি ও রেজিষ্টার দেখলাম। অত্র পৌরসভায় রশিদমূলে সরকার নির্ধারিত হারে জন্ম নিবন্ধনের ফি আদায় ও সরকারী কোষাগারে জমা দেয়া হয়। ক্যাশ বহি দৃষ্টে দেখা যায়, ২০২২-২০২৩ অর্থ বছরের জন্ম নিবন্ধন ফি বাবদ আদায় হয়েছে ১১,৭৮,৭১০/- টাকা। আদায়কৃত অর্থ নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করা আছে। তাছাড়া অত্র পৌরসভায় এ পর্যন্ত জন্ম নিবন্ধনের সংখ্যা ৮৭,৯৬৮ জন এবং মৃত্যু নিবন্ধনের সংখ্যা ১,০২৭ জন। মে, ২০২৩ মাসে ০-৪৫ দিন বয়সের জন্ম নিবন্ধন ১৩ জন, ৪৬-৩৬৫ দিন বয়সের জন্ম নিবন্ধন ০৮ জন, ০-৪৫ দিন বয়সের মৃত্যু নিবন্ধন ০৬ জন এবং ৪৬-৩৬৫ দিন বয়সের মৃত্যু নিবন্ধন ০৮ জন।

**মন্তব্য ঃ** জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে প্রত্যাশিত নিবন্ধন সম্পন্ন করতে হবে এবং জন্ম-মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ যথাযথ ভাবে অনুসরণপূর্বক জন্ম ও মৃত্যু নিবন্ধন করার জন্য পৌর মেয়রকে অনুরোধ করা হলো।

১৭। **সাধারণ মন্তব্য ঃ**

ক. শতভাগ ট্যাক্স আদায়ের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

খ. হোল্ডিং ট্যাক্সসহ অন্যান্য উৎস হতে রাজস্ব আয় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

গ. অফিস ব্যবস্থাপনায় আরো মনোযোগী হওয়ার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

25.06.2023

(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
ফোন- ০২৯৯৬৬-৬৪৩৫১
e-mail : ddlgmymen@gmail.com

স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০১৫.৩৩.০১৪.২৩- ৫১০/১(৬) তারিখ ঃ ২৫/০৬/২০২৩ খ্রিঃ।

**অনুলিপি ঃ** সদয় অবগতির জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।

**অনুলিপি ঃ** সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০৪। মেয়র, মুক্তাগাছা পৌরসভা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৫। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬। অফিস কপি।

25.06.2023
উপপরিচালক
স্থানীয় সরকার, ময়মনসিংহ